গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
ত্রাণ শাখা
www.nilphamari.gov.bd

স্মারক নং- ৫১.০১.৭৩০০.০০০.৪২.০০৬.২২- 929      তারিখ: ২৭ নভেম্বর, ২০২২

বিষয়: ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় ১ম কিস্তির নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দকৃত অর্থের উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা'র স্মারক নং ৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২-২৭১, তারিখ: ০১/০৮/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ১ম কিস্তিতে বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্যের প্রকল্প তালিকা সংশ্লিষ্ট উপজেলা হতে পাওয়া গিয়েছে। উক্ত প্রকল্প তালিকা ২০/১১/২০২২ তারিখের জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রকল্প তালিকা নিম্নবর্ণিত শর্ত ও সর্বশেষ কাবিখা নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা হতে প্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্র: নং | নির্বাচনী এলাকা | উপজেলার নাম | বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্যের পরিমাণ | | | বিভাজনকৃত/উপবরাদ্দকৃত টাকা/খাদ্যশস্যের (মে:টন) পরিমাণ | | | গৃহীত প্রকল্প সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | টাকা | চাল | গম | টাকা | চাল | গম | টাকা | চাল | গম |
| ০১ | নির্বাচনী এলাকা-৪ | কিশোরগঞ্জ | ৯৪,৫৭,৪৯১/৭৯ | ৬৩.০৪৯ | ৬৩.০৪৯ | - | - | ৬৩.০৪৯ | - | | ০৬ টি |

শর্তাবলী:

০১। ২০২২-২০২৩ অর্থ বছরে ১ম কিস্তিতে বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০/১১/২০২২ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও কাবিখা (খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৪। এ ব্যয় বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (অর্থ), ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল), এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে নির্বাহ করতে হবে।

০৫। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

০৬। প্রকল্পের প্রাক্কলন অনুমোদন না করে কোন প্রকল্পের ডিও এবং বিল প্রদান করা যাবে না।

০৭। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

০৯। বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করাসহ অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

১০। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।

১১। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

১২। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৩। নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও মাষ্টাররোল/ভাউচার তাঁর কার্যালয়ে (পিআইও অফিসে) সংরক্ষণ করতে হবে।

27/11/22


(মো: আব্দুল করিম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক
নীলফামারীর পক্ষে।
drronilphamari@ddm.gov.bd


উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, নীলফামারী- ০৪।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), নীলফামারী কালেক্টরেট, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী। ইহা জেলা প্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো।
০৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, নীলফামারী।
১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী।
১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
১২। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ, নীলফামারী।

**২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ( কাবিখা ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা-০৪ ভিত্তিক ১ম পর্যায়ের কিশোরগঞ্জ উপজেলার প্রকল্প তালিকাঃ**

(গম)

| ক্রঃনং | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (গম) |
|---|---|---|---|
| ৩৩ | কিশোরগঞ্জ | কেশবা ময়দান পাড়া রুবেলের বাড়ীর সামন দিয়া কালি মন্দির পর্যন্ত রাস্তা সংস্কার ও মাটি ভরাট। | ৫.০০০ মেঃটন |
| ৩৪ | | ০৭ নং ওয়ার্ড কামার পাড়া মসজিদ থেকে ইসমাইল ব্রিজ পর্যন্ত মাটি ভরাট ও সংস্কার। | ৮.০০০ মেঃটন |
| ৩৫ | | মুশা কমিউনিটি ক্লিনিক হতে রাজীব পল্লী শ্রী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা সংস্কার। | ৬.০০০ মেঃটন |
| ৩৬ | | ০৮ নং ওয়ার্ড মুশা নয়া পাড়া রাস্তায় মাটিভরাট। | ৬.০০০ মেঃটন |
| ৩৭ | মাগুড়া | ০৫ নং ওয়ার্ডের মাগুড়া সবুজ পাড়া বাবুর রাইস মেইল হতে শুরু করে শ্মশান পর্যন্ত রাস্তায় ভরাট। | ৫.০৪৯ মেঃটন |
| ৩৮ | পুটিমারী | ভেরভেরী কামাল উদ্দিন দাখিল মাদ্রাসার মাঠে মাটি ভরাট। | ৫.০০০ মেঃটন |
| | | মোট | ৩৫.০৪৯ মেঃটন |

২৭/১০/২২

(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

সদয় অনুমোদন করা যেতে পারে।

২৭/১০/২২

মোঃ আব্দুল করিম
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
নীলফামারী।

অনুমোদিত

খন্দকার ইয়াসির আরেফীন
জেলা প্রশাসক
নীলফামারী।